গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১২(মাধ্যমিক-৩)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০৯৪.১৫/৬৫ তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ
১১ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৫ আয়োজন।

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ৩য় বারের মতো ০১ মার্চ ২০১৫ তারিখে সারাদেশে একযোগে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা শুরু হতে যাচ্ছে। এ প্রতিযোগিতার সাথে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারগণের সম্পৃক্ততা রয়েছে। উক্ত প্রতিযোগিতা আয়োজনের নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইডে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
☏ঃ ৯৫৭০৬৭২

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০৯৪.১৫/৬৫ তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ
১১ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল।

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
☏ঃ ৯৫৭০৬৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১২(মাধ্যমিক-৩)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০৯৪.১৫/৬০ তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ
১০ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ "সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৫" বাস্তবায়ন প্রসঙ্গে।

"সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২" (সংশোধিত জানুয়ারি ২০১৫) জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলকে উক্ত নীতিমালা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে এবং শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটেও আপলোড করা হয়েছে। এ নীতিমালার আলোকে মেধা যাচাইয়ের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কার্যক্রম পঞ্জিকা প্রণয়ন করা হয়েছে :

পর্যায়	তারিখ
উপজেলা পর্যায়ে	০১/৩/২০১৫-০৩/৩/২০১৫
জেলা পর্যায়ে	০৭/৩/২০১৫-০৯/৩/২০১৫
বিভাগীয় পর্যায়ে	১২/৩/২০১৫-১৫/৩/২০১৫
ঢাকা মহানগরী পর্যায়ে	১৬/৩/২০১৫-১৯/৩/২০১৫
জাতীয় পর্যায়ে	২৩/৩/২০১৫-২৭/৩/২০১৫

উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, দেশব্যাপী উপজেলা পর্যায়ে একই তারিখে অর্থাৎ ০১ মার্চ/২০১৫ তারিখে প্রতিযোগিতা শুরু করতে হবে। ২০১৫ সালের এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার্থীরা এ প্রতিযোগীতায় অংশ গ্রহণ করতে পারবে না।

২২/০২/২০১৫

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭০৬৭২

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেঁজগাও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার,.................................... (সকল)।
৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তাঁর আওতাধীন অফিসসমূহে প্রেরণ ও অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ....(সকল) (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৮। জেলা প্রশাসক, ... (সকল) (তাঁর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারকে নীতিমালার কপি ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।
৯। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১১। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম পঞ্জিকা প্রেরণ ও বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২। উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল) (যথাসময়ে প্রতিযোগিতা আয়োজনের অনুরোধসহ)।
১৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ...অঞ্চল (সকল) (তাঁর আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসারকে নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।
১৪। জেলা শিক্ষা অফিসার, ... (সকল) (তাঁর আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নীতিমালা ও কার্যক্রম পঞ্জিকা প্রেরণ পূর্বক যথাসময়ে প্রতিযোগিতা আয়োজন করার অনুরোধসহ)।
১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.................. (সকল) (যথাসময়ে প্রতিযোগিতা আয়োজনের অনুরোধসহ)।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০৯৪.১৫/৬০ তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ
১০ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]

২২/০২/২০১৫

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব

G:\AZIM AO- Section-12\Talent\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২

(সংশোধিত- জানুয়ারি, ২০১৫)

অনন্য সাধারণ মেধা (Extraordinary Talent) অন্বেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সৃজনশীল মেধা অনুসন্ধানে সরকার সমন্বিত কর্মসূচী গ্রহণ করেছে। উক্ত কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হ'ল ঃ

০২। **শিরোনামঃ** এই নীতিমালা "সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২" নামে অভিহিত হবে।

০৩। **অধিক্ষেত্রঃ** দেশের সকল সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক পর্যায় হতে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত (ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) ছাত্র/ছাত্রী প্রতিযোগিতার মাধ্যমে ১. ভাষা ও সাহিত্য (বাংলা,ইংরেজি), ২. **৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান** এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান), ৩. গণিত ও কম্পিউটার এবং ৪. বাংলাদেশ স্টাডিজ (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান) সহ মোট চারটি বিষয় সৃজনশীল মেধা অন্বেষণের ক্ষেত্রে বিষয় হিসেবে বিবেচ্য হবে।

০৪। **সৃজনশীল মেধা অন্বেষণের উদ্দেশ্যঃ**

৪.১ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে অসাধারণ মেধা সম্পন্ন ছাত্র/ছাত্রী অন্বেষণ করা;

৪.২ এ সকল মেধা অন্বেষণ করে তাদেরকে ভবিষ্যতে জাতীয় মেধা (National Talent) হিসেবে স্বীকৃতি দেয়া এবং তাদের উৎসাহ প্রদানে একটি এককালীন বিশেষ মেধাভিত্তিক (Special Merit Based Scholarship) বৃত্তি প্রদান করা। প্রয়োজনে তাদেরকে বিদেশে মেধাবৃত্তির জন্য সুপারিশ করা।

০৫। **বাস্তবায়ন পরিকল্পনাঃ** সৃজনশীল মেধা অন্বেষণ একটি উন্মুক্ত প্রতিযোগিতা যা প্রতি বছর অনুষ্ঠিত হবে। প্রকৃত সৃজনশীল মেধা অন্বেষণে তৃণমূল পর্যায় থেকে বিভাগীয় পর্যায় পর্যন্ত সকল শিক্ষার্থী এ প্রতিযোগিতার আওতাভুক্ত হবে।

৫.১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠান সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে প্রতিযোগীতায় অংশগ্রহণকারী মেধাবীদের পুরস্কৃত করবে। উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের শিক্ষার্থীদের মধ্য হতে প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত সেরা শিক্ষার্থীদের প্রাথমিকভাবে ০৩(তিন)টি পর্যায়ে ০৪ (চার)টি বিষয়ের বিপরীতে সৃজনশীল মেধা হিসেবে স্বাক্ষর রাখতে পারে এমন শিক্ষার্থী উপজেলা পর্যায়ে মনোনয়ন দিবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৫.২ উপজেলা পর্যায় হতে বাছাইকৃত প্রতিযোগী ও উক্ত জেলায় অবস্থিত সদর উপজেলার আওতায় বাছাইকৃত প্রতিযোগী সমন্বয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা হতে প্রতিটি বিষয়ে বাছাইকৃত সেরাদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ৭টি বিভাগ ও ঢাকা মহানগরী শহরকে অতিরিক্ত একটি বিভাগীয় ইউনিট হিসেবে ধরে তিনটি পর্যায়ে প্রতি বিষয়ে ৩ জন করে ৪টি বিষয়ে প্রতি বিভাগে মোট (৩×৪)=১২ জন হিসেবে সর্বমোট (১২×৮)=৯৬ জন সেরা মেধা বের করতে হবে। ৭টি বিভাগীয় ও ঢাকা মহানগরী পর্যায় হতে আগত ৮×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন) = ৯৬ জন প্রতিযোগী থেকে ৪ বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১২ জন সেরা বিজয়ী নির্বাচন করা হবে। তাদেরকে "বছরের সেরা মেধাবী" হিসেবে স্বীকৃতি এবং এককালীন বিশেষ মেধাভিত্তিক বৃত্তি (Special Merit Based Scholarship) দেয়া হবে।

৫.৩ **ছাত্র/ছাত্রীদের বাছাইয়ের পদ্ধতিঃ**

ক্রমিক	শ্রেণি	বিষয়				মনোনয়নকৃত মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা
		ভাষা ও সাহিত্য	**দৈনন্দিন** বিজ্ঞান/বিজ্ঞান	গণিত ও কম্পিউটার	বাংলাদেশ স্টাডিজ	
১.	৬ষ্ঠ থেকে ৮ম	১	১	১	১	৪
২.	৯ম থেকে ১০ম	১	১	১	১	৪
৩.	একাদশ থেকে দ্বাদশ	১	১	১	১	৪
					মোট=	১২ জন

অঃ পৃঃ দ্রঃ/২

৫.৪ **উপজেলা পর্যায়ে প্রতিযোগিতামূলক বাছাই কমিটিঃ**

১.	উপজেলা নির্বাহী অফিসার	আহ্বায়ক
২-৩	উপজেলা সদরস্থ কলেজ ও মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৪.	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৫-৬	উপজেলা সদরস্থ উচ্চ বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের মধ্য হতে ১ জন ও দাখিল মাদরাসাসমূহের সুপারিনেটেনডেন্টগণের মধ্য হতে ১ জন (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৭.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য
৮.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য-সচিব

৫.৫ **কার্যপরিধিঃ**

কমিটি উপজেলা পর্যায়ে স্কুল/কলেজ/মাদরাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪টি বিষয়ে (৩×৪)=১২ জন মনোনীত প্রতিযোগী জেলা পর্যায়ে প্রেরণ করবে। উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠান করবে। ০১(এক) মাসের মধ্যে সকল কার্যাদি সম্পন্ন করতে হবে। উপজেলা প্রতিযোগিতামূলক বাছাই কমিটি সংশ্লিষ্ট উপজেলার পার্শ্ববর্তী কোন উপজেলা থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৬ **জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটিঃ**

১.	জেলা প্রশাসক	আহ্বয়ক
২-৪.	জেলা সদরের সরকারি, বেসরকারি কলেজ ও আলিম/ফাজিল মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৫.	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা)	সদস্য
৬.	সুপারিনটেনডেন্ট অব পুলিশ/প্রতিনিধি	সদস্য
৭.	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
৮-১১.	মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক/শিক্ষিকা (সরকারি ও বেসরকারি বিদ্যালয় হতে ১ জন করে), দাখিল মাদরাসার সুপারিনটেনডেন্ট ও কারিগরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ১ জন করে (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
১২.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য
১৩.	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা	সদস্য
১৪.	জেলা শিক্ষা অফিসার	সদস্য-সচিব

৫.৭ **কার্যপরিধিঃ**

প্রতি উপজেলা হতে প্রেরিত সেরা ১২ জনকে নিয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। ০১(এক) মাসের মধ্যে সকল কার্যাদি সম্পন্ন করতে হবে। জেলা যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট জেলার যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জেলা পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৮ **বিভাগীয় পর্যায়ে যাচাই-বাছাই কমিটিঃ**

১.	বিভাগীয় কমিশনার	আহ্বায়ক
২.	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)	সদস্য
৩.	ডি.আই.জি. পুলিশ/প্রতিনিধি	সদস্য
৪.	জেলা প্রশাসক, বিভাগীয় সদর জেলা	সদস্য
৫-৬.	১ জন সরকারি ও ১ জন বেসরকারি কলেজের অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৭.	১ জন মহিলা কলেজের অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৮.	বিভাগীয় সদরের সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ	সদস্য
৯.	পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট এলাকার শিক্ষা বোর্ড থেকে)	সদস্য
১০.	পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট এলাকার শিক্ষা বোর্ড থেকে)	সদস্য
১১.	বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
১২.	আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় সদর	সদস্য-সচিব

৫.৯ **কার্যপরিধিঃ**

বিভাগীয় পর্যায়ে জেলা হতে আগত প্রতিযোগী নিয়ে অনুষ্ঠান। ৭×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন)=৮৪ জন "বছরের সেরা মেধাবী" নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রেরণ করবে। বিভাগীয় যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট বিভাগের যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

অঃ পৃঃ দ্রঃ/৩

৫.১০ **ঢাকা মহানগরী এলাকার যাচাই-বাছাই কমিটিঃ**

১.	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা	আহ্বায়ক
২.	বিভাগীয় কমিশনার ঢাকা এর প্রতিনিধি	সদস্য
৩.	পুলিশ কমিশনার ঢাকা এর প্রতিনিধি	সদস্য
৪.	জেলা প্রশাসক, ঢাকা/প্রতিনিধি	সদস্য
৫.	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ	সদস্য
৬-৮.	সরকারি, বেসরকারি ও মহিলা কলেজের ১ জন করে অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৯.	সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত)	সদস্য
১০.	পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
১১.	বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ/সুপার (আহবায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
১২.	পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
১৩.	আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা	সদস্য-সচিব

৫.১১ **কার্যপরিধিঃ**

ঢাকা মহানগরী এলাকার প্রতিযোগিতায় বাছাইয়ের জন্য আহ্বায়ক কর্তৃক জেলা/উপজেলার আদলে মহানগরী এলাকাকে ০৮(আট) টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি/বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহ্বায়ক করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন। ঢাকা মহানগরী এলাকা থেকে ০৩টি গ্রুপে ০৪টি বিষয়ে ১২ জন সেরা মেধাবী নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে। ঢাকা মহানগরী এলাকার যাচাই-বাছাই কমিটি যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী মহানগরী পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.১২ **বিভাগীয় শহর এলাকার যাচাই বাছাই কমিটি (চট্টগ্রাম,রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট ও বরিশাল) ঃ**

১.	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম/রাজশাহী/ যশোর/ দিনাজপুর/সিলেট/বরিশাল	আহবায়ক
২.	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এর প্রতিনিধি	সদস্য
৩.	সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি	সদস্য
৪-৬.	সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সরকারি, বেসরকারি ও মহিলা কলেজের ১ জন করে অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৭-৮.	সংশ্লিষ্ট বিভাগীয় শহরের সরকারি ও বেসরকারি স্কুলের ১ জন করে প্রধান শিক্ষক (আহবায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৯.	সংশ্লিষ্ট বিভাগীয় শহরের বেসরকারি মাদ্রাসার ১ জন অধ্যক্ষ/সুপার (আহবায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
১০.	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা	সদস্য
১১.	আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সংশ্লিষ্ট অঞ্চল	সদস্য-সচিব

৫.১৩ খুলনা বিভাগীয় শহরের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এবং রংপুর বিভাগীয় শহরের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর আহবায়কের দায়িত্ব পালন করবেন।

কার্যপরিধি ঃ

চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট এবং বরিশাল এ৬টি বিভাগীয় শহরকে জেলা পর্যায়ে বিবেচনা করে এলাকার প্রতিযোগিতায় যাচাই বাছাইয়ের জন্য আহবায়ক কর্তৃক জেলা/উপজেলার আদলে বিভাগীয় শহর এলাকাকে ৪টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি/বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহবায়ক করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন। জেলা পর্যায়ের প্রতিযোগিদের সাথে বিভাগীয় শহর এলাকার প্রতিযোগিরা বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য ০৩টি গ্রুপে ০৪টি বিষয়ে অংশ গ্রহণ করবে। ১২ জন সেরা মেধাবী নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করবে। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট এবং বরিশাল বিভাগীয় শহর এলাকার যাচাই বাছাই কমিটির যে সব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় শহর পর্যায়ে আসেনি সে সব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

অঃ পৃঃ দ্রঃ/৪

০৬। **জাতীয় স্টিয়ারিং কমিটিঃ** মাননীয় শিক্ষামন্ত্রীকে প্রধান উপদেষ্টা ও শিক্ষা সচিবকে সভাপতি করে নিম্নরূপ জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হল। কমিটি শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক পৃষ্ঠপোষকতায় জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা করবে:-

জাতীয় স্টিয়ারিং কমিটিঃ

১.	মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়	প্রধান উপদেষ্টা
২.	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	সভাপতি
৩.	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)/(উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা	সহ-সভাপতি
৪.	কমিশনার, ঢাকা বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা	সদস্য
৫.	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৬.	মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৭.	মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা	সদস্য
৮.	মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা	সদস্য
৯.	মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
১০.	মহাপরিচালক, বিটিভি, ঢাকা	সদস্য
১১.	মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, ঢাকা	সদস্য
১২.	অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, সভাপতি, বিশ্বসাহিত্য কেন্দ্র, ঢাকা	সদস্য
১৩.	ড. জামিলুর রেজা চৌধুরী, প্রাক্তন ভিসি, ব্র্যাক ইউনিভার্সিটি, ঢাকা	সদস্য
১৪.	অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, বিভাগীয় প্রধান, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট	সদস্য
১৫.	জনাব মুস্তাফা মনোয়ার, চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা	সদস্য
১৬.	ড. মুনতাসীর আলী মামুন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১৭.	জনাব আখতারুজ্জামান, অধ্যাপক, ইসলামের ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
১৮.	বেগম রাশেদা কে, চৌধুরী, নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান, ঢাকা	সদস্য
১৯.	যুগ্ম সচিব (মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
২০.	যুগ্ম সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)	সদস্য
২১.	যুগ্ম সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ মন্ত্রণালয়	সদস্য
২২.	যুগ্ম সচিব (প্রশাসন), স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়	সদস্য
২৩.	যুগ্ম সচিব (কারিগরি ও মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
২৪.	যুগ্ম সচিব (কলেজ), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
২৫-২৬	যুগ্ম সচিব (মাধ্যমিক-১/২), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
২৭.	যুগ্ম সচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
২৮.	প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা	সদস্য
২৯-৩৬	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)	সদস্য
৩৭.	চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩৮.	চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩৯.	পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য-সচিব

৬.১ **কার্যপরিধিঃ**

জাতীয় স্টিয়ারিং কমিটিতে পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করা যাবে। জাতীয় স্টিয়ারিং কমিটি দেশের যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জাতীয় পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান ও জাতীয় পর্যায়ে স্বনামধন্য ব্যক্তিবর্গের মধ্য থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে বিষয়ভিত্তিক বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। বিভাগীয় ও ঢাকা মহানগরী পর্যায় হতে আগত প্রতিযোগীদের নিয়ে অনুষ্ঠান। ৮×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন) =৯৬ জন প্রতিযোগী থেকে ৪ বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১২ জন সেরা বিজয়ী নির্বাচন করে তাদেরকে "বছরের সেরা মেধাবী" হিসেবে পুরস্কার প্রদান করবে।

০৭। **কার্যক্রমের বাস্তবায়ন কালঃ**

সকল শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম যেন ব্যাহত না হয় এবং একই সাথে সকল শিক্ষার্থীকে এ প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত করা যায় সে লক্ষ্যে বছরের একটি নির্দিষ্ট সময় জানুয়ারি থেকে মার্চের মধ্যে সম্পন্ন করতে হবে। সে ক্ষেত্রে বাস্তবায়নের সুবিধার্থে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর একটি কার্যক্রম পঞ্জিকা প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

০৮। **সেরা মেধা যাচাইয়ের পদ্ধতিঃ**

৮.১ **ভাষা ও সাহিত্য ঃ**

ক. তাৎক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি, লিখিত) - নম্বর - ১০+১০
খ. পর্যায়ক্রমে গল্প বলা - নম্বর - ১০
গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি) - নম্বর - ২০

অঃ পৃঃ দ্রঃ/৫

৮.২ **৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান) ঃ**
ক. MCQ - নম্বর - ১০
খ. বিজ্ঞান বিষয়ক রচনা - নম্বর -১০
গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন - নম্বর -৩০

৮.৩ **গণিত ও কম্পিউটার ঃ**
ক. গণিত (লিখিত ও মৌখিক মূল্যায়ন) - নম্বর- ২০+১০
খ. কম্পিউটার (সমস্যা সমাধান) - নম্বর - ২০

৮.৪ **বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ ঃ**
ক. লিখিত সৃজনশীল- নম্বর-২০
খ. MCQ - নম্বর - ১০
গ. মৌখিক - নম্বর - ২০

০৯। **আপত্তি ও নিষ্পত্তি** ঃ উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার, ঢাকা মহানগরী পর্যায়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ০৬টি বিভাগীয় শহর পর্যায়ে সংশ্লিষ্ট আহবায়ক ও জাতীয় পর্যায়ে যুগ্ম সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয় উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি করবেন।

১০। **কার্যক্রমের প্রয়োজনীয় অর্থ বিভাজন** ঃ দেশব্যাপী মেধা অন্বেষণের কার্যক্রম সফল করতে দু'ধরণের ব্যয় হবে যা মূলত প্রতিবছরে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অতিরিক্ত বাজেট বরাদ্দ হতে নির্ধারিত বিভাজন অনুযায়ী ব্যয় করতে হবে।

১০.১ **উপজেলা, জেলা, বিভাগীয় শহর, বিভাগ, ঢাকা মহানগরী ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠান আয়োজন বাবদ ঃ** এ ধরণের অনুষ্ঠান আয়োজনে পরীক্ষা উপকরণ সরবরাহ, বিচারকদের সম্মানী, মঞ্চ সজ্জা ও সার্বিক আয়োজন বাবদ অর্থ ব্যয় হবে। প্রকৃত চাহিদার ভিত্তিতে এ ব্যয় বৃদ্ধি হতে পারে।

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
•	৪৯৩টি উপজেলায় ২৫,০০০/- টাকা হারে= ৪৯৩×২৫,০০০/-	১,২৩,২৫,০০০/-
•	চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট এবং বরিশাল ০৬টি বিভাগীয় শহরকে ১টি জেলার মর্যাদা ধরে (৬৪+৬)=৭০টি জেলায় ৫০,০০০/- টাকা হারে= ৭০×৫০,০০০/-	৩৫,০০,০০০/-
•	৮টি বিভাগে (৭টি বিভাগ ও ঢাকা মহানগরী এলাকা) ১,০০,০০০/-টাকা হারে=৮×১,০০,০০০/-	৮,০০,০০০/-
•	জাতীয় পর্যায়ের অনুষ্ঠান ১×১০,০০,০০০/-	১০,০০,০০০/-
•	শিক্ষা মন্ত্রণালয়ের প্রচারণা, মুদ্রণ ও অন্যান্য ব্যয়=	২৪,৮৭,০০০/-
	উপমোট=	**২,০১,১২,০০০/-**

১০.২ **নির্বাচিত জাতীয় প্রতিভাদের পুরস্কার প্রদানঃ**

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
•	উপজেলা পর্যায়ে সেরাদের (৪৯৩×১২×১০০০) হারে	৫৯,১৬,০০০/-
•	চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট এবং বরিশাল ০৬টি বিভাগীয় শহরকে ১টি জেলার মর্যাদা ধরে (৬৪+৬)=৭০টি জেলা পর্যায়ে সেরাদের (৭০×১২×১৫০০) হারে	১২,৬০,০০০/-
•	বিভাগীয় এবং ঢাকা মহানগরী পর্যায়ে সেরাদের (৮×১২×২০০০) হারে	১,৯২,০০০/-
•	জাতীয় পর্যায়ে সেরাদের (১২×১,০০,০০০) হারে	১২,০০,০০০/-
•	জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারী সেরা মেধাবী বাদে (৯৬-১২)=৮৪ জন (৮৪×৫০০০) হারে	৪,২০,০০০/-
•	জাতীয় পর্যায়ে অনুষ্ঠানের হল ভাড়া বাবদ	৯,০০,০০০/-
•	উপমোট=	৯৮,৮৮,০০০/-
•	সর্বমোট (১০.১+১০.২)=(২,০১,১২,০০০/-+৯৮,৮৮,০০০/-)=	৩,০০,০০,০০০/-

১০.৩ শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে প্রতিটি কমিটির সদস্য-সচিবকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করে তাঁর অনুকূলে বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনের অনুমতি প্রদান করে জিও জারি করবে। উত্তোলিত অগ্রিম অর্থ খরচের পর সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে সমন্বয় করবে।

১০.৪ **বাজেট, টেন্ডার ও অর্থ কমিটি :**

১.	যুগ্ম সচিব (মাধ্যমিক-২), শিক্ষা মন্ত্রণালয়	সভাপতি
২.	পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৩.	সিনিয়র সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৪.	উপ-পরিচালক, (শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সদস্য
৫.	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাধ্যমিক-৩), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৬.	পরিচালক (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য-সচিব

১১। দেশব্যাপী সৃজনশীল মেধা অন্বেষণের বিষয়টি জাতীয় পত্রিকা,রেডিও,টেলিভিশন ও বিভিন্ন ওয়েব সাইটের মাধ্যমে ব্যাপক প্রচারণা এবং স্মরণিকা প্রকাশের জন্য নিম্নোক্ত ভাবে একটি প্রচারণা কমিটি গঠন করা হলো :

প্রচারণা কমিটিঃ

১.	অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়	আহবায়ক
২.	যুগ্মসচিব (মাধ্যমিক-১),শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৩.	যুগ্ম-সচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৪.	উপ-সচিব (অধিশাখা-১১), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৫.	সচিব,বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন	সদস্য
৬.	মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি-(২ জন)	সদস্য
৭.	মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন এর প্রতিনিধি	সদস্য
৮.	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রতিনিধি	সদস্য
৯.	উপ-প্রধান/সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
১০.	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (মাধ্যমিক-৩), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
১১.	উপ-পরিচালক, (শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সদস্য-সচিব

১২। বাজেট প্রাপ্তি সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক উইং হতে এ কার্য সম্পাদন করা হবে। অনুমোদিত নীতিমালা বাজেট শাখা শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থায়, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবে।

১৩। **তহবিল ব্যবস্থাপনা :**

সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজনের জন্য জাতীয় স্টিয়ারিং কমিটি ও প্রচারণা কমিটির নামে দুটি পৃথক ব্যাংক হিসাব থাকবে। ব্যাংক হিসাব দুটি উভয় কমিটির সদস্য সচিব পরিচালনা করবেন। উক্ত দুটি ব্যাংক হিসাবে উদ্বৃত্ত অর্থ (যদি থাকে) পরবর্তীতে একই কর্মসূচীতে ব্যয় করা যাবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৬/০২/২০১৫
(মো. নজরুল ইসলাম খান)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০৯৪.১৫/৫৮ তারিখঃ ১০ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার,.................................(সকল)।
৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৮। যুগ্ম-সচিব (প্রশাসন/কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/কারিগরি ও মাদ্রাসা/উন্নয়ন/বাজেট/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রধান পরিকল্পনা, পরিকল্পনা উইং, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড......................(সকল)। (নীতিমালাটি তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
১২। জেলা প্রশাসক,.........................(সকল) ।
১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। উপজেলা নির্বাহী অফিসার...(সকল)
১৬। আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ....(সকল)।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৮। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(নীতিমালাটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯। জেলা শিক্ষা অফিসার.................... (সকল)।
২০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)।
২১। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
[illegible]ঃ ৯৫৭০৬৭২